

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

বিষয় : সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মোঃ মনিরুজ্জামান
মহাপরিচালক (গ্রেড-১)
এনজিও বিষয়ক ব্যুরো।
তারিখ : ২৯ জানুয়ারি ২০২৪
সময় : সকাল ১১.০০টা
স্থান : সভা কক্ষ (৪র্থ তলা), এনজিও বিষয়ক ব্যুরো।

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-‘ক’ তে সংযুক্ত)

সভাপতি সভায় উপস্থিত ব্যুরোর কর্মকর্তা-কর্মচারীদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে ব্যুরোর উপপরিচালক (পওনি) জনাব মুশতানজিদা পারভীন সভাকে জানান যে, ২০২৩-২০২৪ সালের এপিএ-এর সংযোজনী-৫(কার্যক্রম ১.১)-এ “সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা” আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী আজকে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালায় সভাপতিত্ব করেন ব্যুরোর মহাপরিচালক(গ্রেড-১) জনাব শেখ মোঃ মনিরুজ্জামান। স্বাগত বক্তব্য দেন ব্যুরোর পরিচালক(প্রকল্প-২) জনাব মোঃ মোখলেছুর রহমান,এনজিসি। মূল প্রবন্ধ উপস্থাপনা করেন ব্যুরোর পরিচালক(প্রকল্প-১) জনাব তপন কুমার বিশ্বাস এবং আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ব্যুরোর পরিচালক(নিবন্ধন ও অডিট) জনাব মোঃ আনোয়ার হোসেন এবং পরিচালক(প্রকল্প-২) জনাব মোঃ মোখলেছুর রহমান,এনজিসি।

কর্মশালায় অংশগ্রহণকারীদেরকে নিম্নোক্তভাবে ০৪টি গ্রুপে ভাগ করে ০৪জন দলনেতা নির্বাচন করা হয়ঃ

গ্রুপ-‘ক’ = প্রশাসন অথবা অন্য কোনো বিষয় (দলনেতাঃ জনাব মো. মনির হোসেন, উপপরিচালক(সাঃ))
গ্রুপ-‘খ’ = প্রকল্প অনুমোদন ও অর্থছাড় (দলনেতাঃ জনাব মোসাঃ জেসমীন আরা, এসাইনমেন্ট অফিসার-১)
গ্রুপ-‘গ’ = ওয়ার্কপারমিট ও ‘এন’ ভিসা (দলনেতাঃ জনাব বিপুল চন্দ্র দাস, সহকারী পরিচালক-১)
গ্রুপ-‘ঘ’ = নিবন্ধন ও নবায়ন (দলনেতাঃ জনাব সানজিদা শাহনাজ, এসাইনমেন্ট অফিসার-৪)

উল্লিখিত গ্রুপগুলি বিষয়ক ভিত্তিক বিস্তারিত আলোচনা করে বিদ্যমান এবং প্রস্তাবিত প্রসেস ম্যাপ তৈরী করে উপস্থাপন করেন। উপস্থাপনকালে ব্যুরোর মহাপরিচালক(গ্রেড-১) জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক(প্রকল্প-১) জনাব তপন কুমার বিশ্বাস, পরিচালক(নিবন্ধন ও অডিট) জনাব মোঃ আনোয়ার হোসেন এবং পরিচালক(প্রকল্প-২) জনাব মোঃ মোখলেছুর রহমান,এনজিসি উপস্থিত ছিলেন। তাঁরা সকলে গ্রুপ ভিত্তিক উপস্থাপনাগুলি যাচাই-বাছাই করে নিম্নোক্তভাবে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্থান নির্ধারণ করেনঃ


প্রথম স্থান অধিকারী = গ্রুপ-‘ক’ = পেনশন সংক্রান্ত কাজ
দ্বিতীয় স্থান অধিকারী = গ্রুপ-‘ঘ’ = নিবন্ধন ও নবায়ন
তৃতীয় স্থান অধিকারী = গ্রুপ-‘খ’ = প্রকল্প অনুমোদন ও অর্থছাড়
চতুর্থ স্থান অধিকারী = গ্রুপ-‘গ’ = ওয়ার্কপারমিট ও ‘এন’ ভিসা

সভাপতি “সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা” আয়োজনের জন্য কমিটির সদস্যগণকে এবং ওয়ার্কশপে অংশগ্রহণকারী ০৪টি গ্রুপকে ধন্যবাদ জানান। বিস্তারিত আলোচনা শেষে ‘ক’ গ্রুপ কর্তৃক সুপারিশকৃত ‘পেনশন’ সংক্রান্ত কার্যক্রম ডিজিটাইজেশনের আওতায় আনার প্রস্তাবটি শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত হওয়ায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

০১. প্রথম স্থান অধিকারী ‘ক’ গ্রুপ কর্তৃক সুপারিশকৃত ‘পেনশন’ সংক্রান্ত কার্যক্রম আগামী ০৯/৫/২০২৪ তারিখে মধ্যে ডিজিটাইজেশনের আওতায় আনা এবং ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) করা;
০২. দ্বিতীয় স্থান অধিকারী ‘ঘ’ গ্রুপ কর্তৃক সুপারিশকৃত ব্যুরোর ২৫/১১/২০২১ তারিখের পরিপত্র অনুযায়ী ৬০ কর্মদিবসের পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধনের মতামত পাওয়া না গেলে ব্যুরো কর্তৃক নিবন্ধন দেয়ার বিষয়ে প্রস্তাব করেন এবং নিবন্ধন ও নবায়ন কার্যক্রম ডিজিটাইজেশনের আওতায় আনা;
০৩. তৃতীয় স্থান অধিকার ‘খ’ গ্রুপ কর্তৃক সুপারিশকৃত প্রকল্প অনুমোদনের সময় সীমা ৫৩ দিন থেকে ৫০দিন এবং অর্থছাড়ের সময়সীমা ১০ হতে ০৯দিনের মধ্যে সম্পাদন করার প্রস্তাব করেন;
০৪. চতুর্থ স্থান অধিকারী ‘গ’ গ্রুপ কর্তৃক মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হওয়ার পর নথিসমূহ সরাসরি ডেস্ক অফিসারের

সভাপতি ওয়ার্কশপে অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জানিয়ে ওয়ার্কশপের সমাপ্তি ঘোষণা করেন।


৩১/০১/২৪

(শেখ মোঃ মনিরুজ্জামান)

মহাপরিচালক (গ্রেড-১)


এনজিও বিষয়ক ব্যুরো।

তারিখঃ ৩১/০১/২০২৪ খ্রিঃ

নথিনং- ০৩.০৭.২৬৬৬.৬৬১.৫১.০৬৪.২৩-৬২৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। পরিচালক (প্রকল্প-১)/পরিচালক(নিবন্ধন ও অডিট)/পরিচালক(প্রকল্প-২), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৩। উপপরিচালক(সাঃ)/উপপরিচালক(পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৪। সহকারী পরিচালক-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৫। এসাইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৬। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৭। প্রশাসনিক কর্মকর্তা/ সুপারিনটেনডেন্ট-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৮। মহাপরিচালক-এর ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। সকল কর্মচারী, এনজিও বিষয়ক ব্যুরো।
- ১০। অফিস কপি।


৩১/০১/২৪

(বিপুল চন্দ্র দাস)

সহকারী পরিচালক-১


৩১/০১/২৪